

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৪৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয়
অর্থনৈতিক পরিষদ (এনইসি) নিম্নরূপে গঠন করেছে :

১.১। পরিষদের গঠন :

- (১) জনাব তারেক রহমান : সভাপতি
প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- (২) মন্ত্রিপরিষদের সকল সদস্য : সদস্য।

১.২। সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক
(৪) সচিব, পরিকল্পনা বিভাগ
(৫-১০) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
(১১) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

এ পরিষদে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(১৩৩৬১)

মূল্য : টাকা ৪.০০

১.৩। পরিষদের কার্যপরিধি :

- (১) সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কিত নীতি ও কৌশল গ্রহণে দিক নির্দেশনা প্রদান;
- (২) দীর্ঘমেয়াদি ও মধ্যমেয়াদি পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি, সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও কর্মপন্থা চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;
- (৩) দীর্ঘমেয়াদি ও মধ্যমেয়াদি পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি, সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- (৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ ও দিক নির্দেশনা প্রদান; এবং
- (৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোনো কমিটি গঠন।

১.৪। পরিষদের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০. ৬১১. ০৬.০০৪.২৪.১৫৯ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ০২-২২৬৬৪১০০১

e-mail: addl_ce@cabinet.gov.bd